# দ্বিতীয় ক্যাম্পাসের সম্পূর্ণ জমি বুঝে পেল জগন্নাথ বিশ্ববিদ্যালয়

■ জবি সংবাদদাতা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাস স্থাপনের লক্ষ্যে অবশিষ্ট ১১.৪০ একর জমি আনুষ্ঠানিকভাবে বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে হস্তান্তর করা হয়েছে। এর মাধ্যমে বরাদ্দকৃত ২০০ একর জমিই বিশ্ববিদ্যালয় প্রশাসনকে হস্তান্তর করা হলো। গতকাল মঙ্গলবার ঢাকা জেলা প্রশাসকের কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখা এ হস্তান্তর কার্যক্রম সম্পন্ন করে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. রেজাউল করিমের উপস্থিতিতে জমি হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন হয়। ঢাকা জেলা প্রশাসক কার্যালয়ের ভূমি অধিগ্রহণ কর্মকর্তা মো. আ. হালিম ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট অবশিষ্ট ১১.৪০ একর জমির দখল হস্তান্তর করেন।

২০১৭ সালে একনেক সভায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের জন্য ২০০ একর জমির নতুন ক্যাম্পাস অনুমোদিত হয়। ২০২০ সালের ২৩ জানুয়ারি ঢাকা জেলা প্রশাসন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ১৮৮.৬০ একর জমি বুঝিয়ে দেয়। অবশিষ্ট ১১.৪০ একর জমির হস্তান্তর বাকি থাকায় দ্বিতীয় ক্যাম্পাসের কাজ পূর্ণাঙ্গভাবে এগোতে বাধার সৃষ্টি হয়েছিল। জমি হস্তান্তরের মাধ্যমে বিশ্ববিদ্যালয়টি তার প্রস্তাবিত ২০০ একর জমি পূর্ণাঙ্গভাবে লাভ করল। পূর্ণাঙ্গ ২০০ একর বুঝে পাওয়ায় শিক্ষার্থীদের মাঝে উচ্ছ্বাস দেখা গিয়েছে।